



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা



ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৯-২০/১২২০

তারিখ: ৩০.০৬.২০২০

- ১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
- ৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ।
- ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সংশোধিত RTGS User Update Form চালুকরণ প্রসঙ্গে।

মহোদয়,


বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। বিকেবি হিসাব পরিপত্র নং-২০/২০১৯ তারিখ: ২২-১২-২০১৯ এর (ঘ) ধারা অনুযায়ী শাখার CBS ID প্রাপ্ত অফিসার ও তদুর্ধ্ব পদমর্যাদার সর্বোচ্চ ৪ জন কর্মকর্তা (২ জন Entry user + ২জন Authorizer) হিসাবে কাজ করতে পারবেন।
- ০৩। কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় শৃংখলাজনিত মোকাদ্দমা অনিষ্পন্ন থাকা অবস্থায় কোন কর্মকর্তা RTGS লেনদেনের Entry user/Authorizer হতে পারবেন না। এমনকি যে সব কর্মকর্তার বিভাগীয় শৃংখলাজনিত মোকাদ্দমা নিষ্পন্ন হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃপক্ষ তাদেরকে সরাসরি আর্থিক লেনদেন থেকে বিরত রাখার বিষয়ে রায় দিয়েছেন সে সমস্ত কর্মকর্তা RTGS লেনদেনের Entry user/Authorizer হতে পারবেন না।
- ০৩। RTGS লেনদেনের Entry user/Authorizer এর ক্ষমতা অর্পনের সুপারিশ করার পূর্বে বিভাগীয় শৃংখলাজনিত মোকাদ্দমা অনিষ্পন্ন অথবা বিভাগীয় শৃংখলাজনিত মোকাদ্দমা নিষ্পন্ন হয়েছে কিন্তু ব্যাংক কর্তৃপক্ষ সরাসরি আর্থিক লেনদেন থেকে বিরত রাখার বিষয়ে রায় আছে কিনা তা নিশ্চিত হতে হবে, অন্যথায় সুপারিশকারী কর্মকর্তাগণ ব্যক্তিগত ভাবে দায়ী হবেন। এ ধরনের কর্মকর্তা ইতিপূর্বে RTGS লেনদেনের Entry user/Authorizer ক্ষমতাপ্রাপ্ত হয়ে থাকলে তাদের উক্ত ক্ষমতা বাতিল করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। ১ জুলাই ২০২০ থেকে শাখার নতুন RTGS User অনুমোদনের জন্য সংশোধিত RTGS User Update Form এ আবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ের সুপারিশসহ প্রধান কার্যালয়ের ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগে প্রেরণ করে অনুমোদন নিতে হবে।

অনুমোদনক্রমে


আপনার বিশুদ্ধ

সংগ্রহীত: RTGS User Update Form


(গোলাম মোঃ আরিফ) ৩০/০৬/২০২০
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।


৩০/৬/২০
(মোহাম্মদ আহাদ ভূইয়া)
মুখ্য কর্মকর্তা

